সিদ্ধান্ত ঃ বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট কর্তৃক উদ্ভাবিত তরমুজের একটি সংকর জাত এফ-১ পদ্মা এর অনুমোদনের বিষয়ে জাতীয় বীজ বোর্ডের নিকট সুপারিশ করা হয়।

আলোচ্য বিষয়-১৩ ঃ বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট কর্তৃক উদ্ভাবিত বেগুনের দুটি সংকর জাত এফ-১ 'শুকতারা' এবং এফ-১ তারাপুরি এর অনুমোদন।

বাংলদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট কর্তৃক উদ্ভাবিত বেগুনের দুটি এফ-১ হাইব্রিড শুকতারা এবং তারাপুরি এর অনুমোদনের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। বাংলাদেশে এখন বেগুনের কোন এফ-১ হাইব্রিড জাত নেই তাই বেগুনের এই হাইব্রিড জাত দুটিকে অধিক ফলনের জন্য অনুমোদনের ব্যাপারে সকল সদস্যগণ একমত পোষণ করেন। জনাব মোঃ নাজমুল হুদা, ব্যবস্থাপক, বীজ উৎপাদন (কঃ গ্রোঃ), বিএডিসি জানান যে এর বীজ উৎপাদন বিএডিসি করবে তবে এর লাইন সংরক্ষণ করবে বিএআরআই।

সিদ্ধান্ত ঃ বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট কর্তৃক উদ্ভাবিত বেগুনের দুটি হাইব্রিড জাত এফ-১ শুকতারা এবং এফ-১ 'তারাপুরি' এর অনুমোদনের জন্য জাতীয় বীজ বোর্ডের নিকট সুপারিশ করেন।

আলোচ্য বিষয়-১৪ ঃ জাতীয় বীজ বোর্ড কর্তৃক অনুমোদিত সয়াবিনের জাত সোহাগ এর উদ্ভাবনের বিষয়ে সহযোগী দাবীদার জনাব মোঃ আবদুল খালেক, প্রকল্প পরিচালক (তৈল বীজ), বিএআরআই এর আবেদন।

এ ব্যাপারে জনাব এম,এ, খালেক, প্রকল্প পরিচালক (তৈলবীজ), বিএআরআই জানান যে সোহাগ জাত যেহেতু যৌথভাবে বিএইউ এবং বিএআরআই কর্তৃক উদ্ভাবন করা হয়েছে তাই পিবি-১ 'সোহাগ' এর উদ্ভাবনে বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের কৌলিতত্ত্ব বিভাগের সহিত বিএআই এর নাম রাখা হউক। প্রফেসর ডঃ লুৎফর রহমান সোহাগ এর উদ্ভাবনের ব্যাপারে এমসিসির ও জড়িত থাকার কথা বলেন। তিনি বলেন যে, যৌথ দাবীদার হতে হলে কৃষি বিশ্ববিদ্যালয় এমসিসি এবং বিএআর আই তিন প্রতিষ্ঠানেরই নাম থাকা দরকার। উপস্থিত সদস্যগণ কর্তৃক সোহাগ এর উদ্ভাবনে একক বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের পরিবর্তে যৌথভাবে কৃষি বিশ্ববিদ্যালয়, এমসিসি এবং বিএআরআই এর নাম অনুমোদনের জন্য সুপারিশ করা হয়।

সিদ্ধান্ত ঃ সয়াবিনের জাত পিবি-১ সোহাগ' এর উদ্ভাবনে একক বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের নামের পরিবর্তে বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, এমসিসি এবং বিএআরআই নাম যৌথভাবে অনুমোদনের জন্য জাতীয় বীজ বোর্ডের নিকট সুপারিশ করা হলো।

আলোচ্য বিষয়-১৫ ঃ বাংলাদেশ আণবিক কৃষি গবেষণা ইনস্টিটিউট কর্তৃক উদ্ভাবিত মুগ কলাইর জাত বাসন্তি মুগ এর অনুমোদন।

এ জাতটি অনুমোদনের বিষয়ে আলোচনায় সংশ্লিষ্ট প্রজননবিদ জনাব আ.কা.শেখ, সিএসও, বিনা জানান যে, এ জাতটির প্রধান বৈশিষ্ট হলো সার্কোস্পোরা লিফ স্পট রোগ প্রতিরোধ ক্ষমতা সম্পন্ন এবং হলুদ মোজাইক ভাইরাস রোগ সহ্য করা ক্ষমতা সম্পন্ন। তাছাড়া কান্তি মুগ দুই তিন বারে ফসল সংগ্রহ করতে হয়। কিন্তু এ জাতটির একবারেই ফসল সংগ্রহ করা যায়। অতঃপর উপস্থিত সদস্যগণ এ জাতটিকে বাসন্তিমুগের পরিবর্তে 'বিনা মুগ' নামে অনুমোদনের জন্য জাতীয় বীজ বোর্ডের নিকট সুপারিশ পেশ করে।

সিদ্ধান্ত ঃ বাংলাদেশ আণবিক কৃষি গবেষণা ইনস্টিটিউ কর্তৃক উদ্ভাবিত মুগ কলাইর জাত বিনা মুগ-১ নামে অনুমোদনের জন্য জাতীয় বীজ বোর্ডের নিকট সুপারিশ পেশ করা হয়।

আলোচ্য বিষয়-১৬ ঃ বাংলাদেশ আণবিক কৃষি গবেষণা ইনস্টিটিউট কর্তৃক উদ্ভাবিত টমেটোর নতুন জাত 'অগ্নিবিনা' (এ-২) এর অনুমোদন।

টমেটোর নতুন জাত অগ্নিবিনা (এ-২) এর অনুমোদনের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। আলোচনায় সংশ্লিষ্ট প্রজননবিদ জনাব আ কা শেখ সিএসও, বিনা এ জাতটির বিস্তারিত তথ্য তুলে ধরেন। গবেষণামূলক বিভিন্ন তথ্য পরীক্ষা-নিরিক্ষার পর উপস্থিত সদস্যগণ এ জাতটি বিনা টমেটো-১ নামে অনুমোদনের বিষয়ে একমত পোষণ করেন।

সিদ্ধান্ত ঃ বাংলাদেশ আণবিক কৃষি গবেষণা ইনস্টিটিউট কর্তৃক উদ্ভাবিত টমেটোর নতুন জাত বিনা টমেটো-১ নামে অনুমোদনের জন্য জাতীয় বীজ বোর্ডের নিকট সুপারিশ পেশ করা হয়।

আলোচ্য বিষয়-১৭ ঃ বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট কর্তৃক উদ্ভাবিত নতুন সরিষার জাত ধলি এর অনুমোদন।

সরিষার জাত ধলির অনুমোদনের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। আলোচনায় জনাব মোঃ নাজমুল হুদা, ব্যবস্থাপক, বীজ উৎপাদন (কঃ গ্রোঃ), বিএডিসি জানান যে বর্তমানে চাষীগণ স্বল্প মেয়াদী জীবনকাল বিশিষ্ট সরিষার বীজ কিনতে চায়। কিন্তু দীর্ঘ মেয়াদী জীবনকাল সম্পন্ন সরিষার বীজ কেউ নিতে চায় না। জনাব নাজমুল হুদা আরও জানান যে, বর্তমানে চারটি হলুদ জাতের সরিষা আছে তাই আরও একটি হলুদ জাত দরকার কি না তা ভেবে দেখা দরকার। প্রফেসর ডঃ লুৎফর রহমান এ জাতটিকে ইতিপূর্বে অনুমোদিত অন্যান্য হলুদ জাতের সাথে আরও তুলনামূলক পরীক্ষা করে কারিগরি কমিটির পরবর্তী সভায় পেশ করার জন্য সুপারিশ করেন।

সিদ্ধান্ত ঃ বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট কর্তৃক উদ্ভাবিত সরিষার জাত ধলি পরবর্তী মৌসুমে অনুমোদিত জাতের সাথে আরো তুলনামূলক পরীক্ষা করে উপাত্ত সহ কারিগরি কমিটির পরবর্তী সভায় পেশ করার জন্য সুপারিশ করা হয়।

আলোচ্য বিষয়-১৮ ঃ কারিগরি কমিটির সদস্য হিসাবে পরিচালক, বিনাকে অন্তর্ভুক্তিকরণ।

সদস্য সচিব, কারিগরি কমিটি সভাকে অবহিত করেন যে, পরিচালক বিনা বিগত ১২-১১-৯১ইং তারিখে এক পত্রের মাধ্যমে কারিগরি কমিটির সদস্যভূক্তির জন্য আবেদন করেছেন। তার আবেদনের প্রেক্ষিতে পরিচালক, বিনার সদস্যভূক্তির বিষয়টি সভায় আলোচনা হয় এবং সর্বসম্মতিক্রমে উপস্থিত সদস্যগণ পরিচালক, বিনাকে কারিগরি কমিটির সদস্য হিসেবে অন্তর্ভূক্তির ব্যাপারে একমত পোষণ করেন।

প্রফেসর ডঃ লুৎফুর রহমান, কৃষি বিশ্ববিদ্যালয়ের কৃষি অনুষদ থেকে একজন প্রজননবিদকে কারিগরি কমিটির সদস্য হিসাবে অন্ত র্ভূক্তির জন্য বলেন। এ ব্যাপারে আলোচনা শেষে সভাপতি মহোদয় কৃষি বিশ্ববিদ্যালয়ের কৃষি অনুষদ থেকে একজন প্রজননবিদকে কারিগরি কমিটির সদস্য হিসাবে রাখা যেতে পারে বলে জানান এবং উপস্থিত সদস্যগণ এতে একমত পোষণ করেন। তবে কৃষি বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কর্তৃক কৃষি অনুষদের পক্ষ থেকে একজন প্রজননবিদকে মনোনয়ন প্রদান করতে হবে।

সিদ্ধান্ত ঃ

ক) পরিচালক, বিনা কে কারিগরি কমিটির সদস্য হিসেবে অর্ন্তভূক্তির জন্য জাতীয় বীজ বোর্ডের নিকট সুপারিশ করা হলো।

খ) কৃষি বিশ্ববিদ্যালয়ের কৃষি অনুষদের একজন প্রজননবিদকে কারিগরি কমিটির সদস্য হিসেবে অর্ন্তভুক্তির সুপারিশ করা হলো। কৃষি অনুষদ কর্তৃক এ ব্যাপারে একজন প্রজননবিদকে মনোনয়ন দিতে হবে।

আলোচ্য বিষয়-১৯ ঃ পাট, তুলা অনুরূপ ফসলের জাত অনুমোদনের ব্যাপারে সহায়তা করার জন্য জাতীয় কারিগরি কমিটিতে শিল্পের সহিত সংশ্লিষ্ট সমিতির সদস্যদের কারিগরি কমিটির সদস্যভূক্তি প্রসংগে।

এ ব্যাপারে সদস্য-সচিব সভাকে অবহিত করেন যে, বিগত ২৭তম জাতীয় বীজ বোর্ডের সভায় এই মর্মে একটি সিদ্ধান্তি গৃহীত হয়েছিল যে পাট, তুলা অনুরূপ শিল্পের কাচামালের জাত অনুমোদনের ব্যাপারে সহায়তা করার জন্য জাতীয় কারিগরি কমিটিতে শিল্পের সহিত সংশ্লিষ্ট সমিতির সদস্য কারিগরি কমিটির সদস্য হইবেন। এ ব্যাপারে সভায় বিস্তারিত আলোচনার পর এই মর্মে সিদ্ধান্ত গৃহীত হয় যে উল্লেখিত ফসলসমূহের জাত অনুমোদনের সময় সংশ্লিষ্ট শিল্পের সহিত সংশ্লিষ্ট প্রতিনিধিদের কারিগরি কমিটিতে রাখার ব্যবস্থা করা হবে।

সিদ্ধান্ত ঃ পাট, তুলা অনুরূপ ফসরের জাত অনুমোদনের ব্যাপারে সহায়তা করার জন্য জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটিতে শিল্পের সহিত সংশ্লিষ্ট সমিতির সদস্যদের অন্তর্ভূক্তির জন্য তুলা উন্নয়ন বোর্ডের নির্বাহী পরিচালক মনোনয়ন দিবেন।

অতঃপর আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার পরিসমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষর-
(ডঃ এম.এস.ইউ চৌধুরী)
সভাপতি
কারিগরি কমিটি, জাতীয় বীজ বোর্ড
এবং
নির্বাহী সহ-সভাপতি
বাংলাদেশ কৃষি গবেষণা পরিষদ।

স্বাক্ষর-
(মনির উদ্দিন খান)
সদস্য-সচিব
কারিগরি কমিটি, জাতীয় বীজ বোর্ড এবং
প্রধান বীজ প্রত্যয়ন কর্মকর্তা,
বীজ অনুমোদন সংস্থা।

কারিগরি কমিটি, জাতীয় বীজ বোর্ড এর ২২তম সভায় উপস্থিত সদস্যদের নামের তালিকা ঃ

ক্রমিক নং নাম, পদবী ও প্রতিষ্ঠান

১। ডঃ নুর মোহাম্মদ মিয়া, মূখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, ব্রি, গাজীপুর
২। মোঃ নাজমুল হুদা, ব্যবস্থাপক, বীজ উৎপাদন (চুক্তিবদ্ধ চাষী) বিভাগ, বিএডিসি
৩। ডঃ এ.জে.মিয়া, পরিচালক, বিনা
৪। এ.এফ.এম.মনিরুজ্জামান, পরিচালক (গঃ), বারি
৫। এম.এনামুল হক, অতিঃপরিচালক ডিএই (সরেজমিন উইং)
৬। মোঃ হাবিবুর রহমান, প্রকল্প পরিচালক (ভারপ্রাপ্ত) তৈল বীজ গবেষনা কেন্দ্র
৭। আব্দুল মুত্তালিব, পি এস ও, বিজেআরআই
৮। আতাউর রহমান, পি এস ও বিআইএনএ বিনা
৯। ডঃ লুৎফর রহমান, প্রফেসর, বাকৃবি

জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটির বিশেষ সভার কার্যবিবরণী

গত ১২-০১-৯২ ইং তারিখ রবিবার বেলা ১২.৩০ মিনিটে ডঃ এম এস ইউ চৌধুরী, নির্বাহী সহ-সভাপতি, বাংলাদেশ কৃষি গবেষণা পরিষদ এবং সভাপতি, কারিগরি কমিটি, জাতীয় বীজ বোর্ড এর সভাপতিত্বে নির্বাহী সহ-সভাপতি মহোদয়ের অফিস কক্ষে কারিগরি কমিটি, জাতীয় বীজ বোর্ডের বিশেষ সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় কারিগরি কমিটির সদস্য এবং জাতীয় বীজ বোর্ডের জাত অনুমোদনের আবেদনপত্র ফরম সংশোধনী উপ-কমিটির সদস্যদের উপস্থিতিতে (তালিকা সংযুক্ত) নিম্ন বর্ণিত বিষয়ে বিস্তারিত আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

আলোচ্য বিষয়-১ ঃ জাতীয় বীজ বোর্ডের জাত অনুমোদনের আবেদনপত্র ফরম সংশোধন।

কারিগরি কমিটি, জাতীয় বীজ বোর্ডের ২২তম সভার সিদ্ধান্ত মোতাবেক জাতীয় বীজ বোর্ডের জাত অনুমোদনের আবেদন পত্র ফরম সংশোধন কল্পে গঠিত উপ-কমিটি ফরম সংশোধনপূর্বক যে সুপারিশ পেশ করে তার উপর সভায় বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনার শুরুতে ফরমটি বাংলায় করার ব্যাপারে সভাপতি মহোদয় সকল সদস্যদের দৃষ্টি আকর্ষণ করেন। এ ব্যাপারে ডঃ নূর মোহাম্মদ মিয়া, ব্রি; ডঃ হেলালুল ইসলাম, বারি এবং অন্যান্য কয়েকজন সদস্য অভিমত ব্যক্ত করেন যে, জাত উদ্ভাবনের ব্যাপারে অনেক সময় বিদেশী বিশেষজ্ঞগণের সাহায্য সহযোগিতা দরকার হয় এবং তাদের সাথে যোগাযোগ করতে হয় তাই ফরমটি ইংরেজীতেই রাখা দরকার। সকল সদস্যগণ এ বিষয়ে একমত পোষণ করেন। অতঃপর আরো পরীক্ষা-নিরীক্ষার পর আবেদন পত্রে কতিপয় সংশোধনী যোগপূর্বক সংশোধনকৃত ফরমটি অনুমোদনের জন্য জাতীয় বীজ বোর্ডের নিকট সুপারিশ পেশ করা হয় (সংযুক্ত-সংশোধনকৃত ফরম)।

আলোচ্য বিষয়-২ ঃ বীজ পরীক্ষাগারে বিশুদ্ধতা পরীক্ষায় জাতের মিশ্রণ পরীক্ষার ব্যাপারে সিদ্ধান্ত গ্রহণ এবং গুদামে রক্ষিত বীজের বেলায় লট সাইজ নির্ধারণ।

এ ব্যাপারে সভায় বিস্তারিত আলোচনা হয়। কারিগরি কমিটির ২২তম সভার সিদ্ধান্ত অনুযায়ী গঠিত উপ-কমিটির সুপারিশ মোতাবেক বীজের বিশুদ্ধতা এবং লট সাইজ নির্ধারণের জন্য গঠিত উপ-কমিটি হতে সদস্য-পরিচালক (বীজ), বিএডিসিকে বাদ দিয়ে বীজ প্রযুক্তি বিশেষজ্ঞ ডঃ এস বি সিদ্দিকী, ব্রি; ডঃ মোস্তাফিজুর রহমান, কৃষিতত্ত্ব বিভাগ, বারি এবং জনাব মোঃ নাজমুল হুদা, ব্যবস্থাপক, বীজ উৎপাদন (চুক্তিবদ্ধ চাষী), বিএডিসি কে অন্তর্ভুক্ত করে বর্ধিত উপ-কমিটি গঠন করা হয়। এই পুণর্গঠিত কমিটিকে আগামী এক মাসের মধ্যে সংশ্লিষ্ট বিষয়ে একটি প্রতিবেদন কারিগরি কমিটির চেয়ারম্যান এর বরাবরে দাখিল করার জন্য দায়িত্ব প্রদান করা হয়। (পুণর্গঠিত কমিটির তালিকা সংযুক্ত)

স্বাক্ষর-
(মনির উদ্দিন খান)
সদস্য-সচিব
কারিগরি কমিটি, জাতীয় বীজ বোর্ড এবং
প্রধান বীজ প্রত্যয়ন কর্মকর্তা
বীজ অনুমোদন সংস্থা।

স্বাক্ষর-
(ডঃ এম.এস.ইউ চৌধুরী)
সভাপতি
কারিগরি কমিটি, জাতীয় বীজ বোর্ড
এবং
নির্বাহী সহ-সভাপতি
বাংলাদেশ কৃষি গবেষণা পরিষদ।

পুণর্গঠিত উপ-কমিটির সদস্যদের নামের তালিকা ঃ

১।	জনাব এ কে এম তোফসির উদ্দিন সিদ্দিকী পরিচালক, বীজ অনুমোদন সংস্থা	আহবায়ক
২।	ডঃ নূর মোহাম্মদ মিয়া মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা ও বিভাগীয় প্রধান, উদ্ভিদ প্রজনন ও কৌলিতত্ত্ব বিভাগ, ব্রি	সদস্য
৩।	ডঃ মোঃ হেলালুল ইসলাম মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা ও বিভাগীয় প্রধান, উদ্ভিদ প্রজনন বিভাগ, বারি	সদস্য
৪।	জনাব মোঃ এনামুল হক, অতিরিক্ত পরিচালক (সরেজমিন) কৃষি সম্প্রসারণ অধিদপ্তর	সদস্য
৫।	ডঃ এস.বি. সিদ্দিকী মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, কৃষিতত্ত্ব বিভাগ, ব্রি	সদস্য

৬। ডঃ মোস্তাফিজুর রহমান — সদস্য
উর্দ্ধতন বৈজ্ঞানিক কর্মকর্তা, কৃষিতত্ত্ব বিভাগ, বারি

৭। জনাব মোঃ নাজমুল হুদা — সদস্য
ব্যবস্থাপক, বীজ উৎপাদন (চুক্তিবদ্ধ চাষী), বি এ ডি সি

কারিগরি কমিটি, জাতীয় বীজ বোর্ডের বিশেষ সভায় উপস্থিত সদস্যদের তালিকা ঃ

ক্রঃ নং — নাম, পদবী ও প্রতিষ্ঠান

১। জনাব জি এম মঈনুদ্দীন, মহা ব্যবস্থাপক (বীজ), বিএডিসি

২। জনাব মোঃ নাজমুল হুদা, ব্যবস্থাপক, বীজ উৎপাদন (কঃ গ্রোঃ) বি.এ.ডি.সি

৩। জনাব এম আর শরীফ, পরিচালক (সরেজমিন), ডিএই

৪। জনাব এ.এফ.এম. মনিরুজ্জামান, পরিচালক (গবেষণা) বারি

৫। জনাব মোঃ হেলালুল ইসলাম, মূখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, বারি

৬। জনাবা সাদেকা আরংগজেব সিএস ও (ভারপ্রাপ্ত), বিজেআরআই

৭। জনাব নূর মোহাম্মদ মিয়া, মূখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, উদ্ভিদ প্রজনন, ব্রি

৮। জনাব এ.কে.এম, তোফসির উদ্দিন সিদ্দিকী, পরিচালক
বীজ অনুমোদন সংস্থা

৯। জনাব মনির উদ্দিন খান, মূখ্য বীজ প্রযুক্তিবিদ,
বীজ অনুমোদন সংস্থা

জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটির ত্রয়োবিংশ/২৩তম সভার কার্যবিবরণী

গত ৪-১০-৯২ইং (১৯-৬-৯৯ বাং) তারিখ রোববার বিকেল ২.০০ ঘটিকায় ডঃ এম এস ইউ, চৌধুরী, নির্বাহী সহ-সভাপতি, বাংলাদেশ কৃষি গবেষণা পরিষদ এবং সভাপতি, কারিগরি কমিটি, জাতীয় বীজ বোর্ড এর সভাপতিত্বে বিএআরসি সম্মেলন কক্ষে কারিগরি কমিটির ২৩তম সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় কারিগরি কমিটির সদস্য এবং সংশ্লিষ্ট প্রজননবিদ/বিজ্ঞানী/কর্মকর্তাদের উপস্থিতিতে (তালিকা সংযুক্ত) নিম্নবর্ণিত বিষয়ে বিস্তারিত আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

আলোচ্য বিষয়-১ ঃ কারিগরি কমিটির ২২তম সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ।

কারিগরি কমিটির ২২তম সভার কার্যবিবরণী বিভিন্ন গবেষণা ইনস্টিটিউটের প্রধান এবং সংশ্লিষ্ট বিজ্ঞানীসহ কারিগরি কমিটির সকল সদস্যের নিকট যথাসময়ে প্রেরণ করা হয়েছিল। কার্যবিবরণী বিতরণের পর এ বিষয়ে কোন মন্তব্য বা আপত্তি আসেনি। তবে সভায় ডঃ নূর মোহাম্মদ মিয়া, মূখ্য বৈজ্ঞানিক অফিসার, বিআরআরআই সকলের দৃষ্টি আকর্ষণ পূর্বক জানান যে, কারিগরি কমিটির ২২তম সভার কার্যবিবরণীতে আলোচ্য বিষয়-৬ এ জাতীয় বীজ বোর্ডের জাত অনুমোদনের আবেদন পত্র ফরমে সংশোধনী আনয়নের জন্য গঠিত কমিটির একজন সদস্যের কর্মস্থলের বিবরণীতে কিছু ভুল রয়েছে, যা সংশোধনপূর্বক ২২তম সভার কার্যবিবরণী অনুমোদন করা যেতে পারে। ডঃ নূর মোহাম্মদ মিয়া, মূখ্য বৈজ্ঞানিক অফিসার, উদ্ভিদ প্রজনন বিভাগ, বিআরআরআই, গাজীপুর হিসেবে সংশোধন করা হয়। অতঃপর বিস্তারিত আলোচনা শেষে ২২তম সভায় কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়।

আলোচ্য বিষয়-২ ঃ কারিগরি কমিটির ২২তম সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন।

কারিগরি কমিটির ২২তম সভা গত ১৩-১১-৯১ইং ও ৩০-১১-৯১ইং তারিখে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় ২২তম সভার গৃহীত বিভিন্ন সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের বিষয়ে আলোচনা হয়। আলোচনায় জনাব মোঃ নাজমুল হুদা, ব্যবস্থাপক, বীজ উৎপাদন (কঃ গ্রোঃ) বিভাগ, বিএডিসি, জানান যে উদ্ভাবিত নতুন জাতের নামকরণে বেশ অসুবিধে দেখা দিয়েছে। কেননা, এক ফসলের জাতের নামের সাথে অন্য ফসলের জাতের নামের প্রায়ই মিল থাকে। এ ব্যাপারে জনপ্রিয় নামের পাশাপাশি ইনস্টিটিউটের নামও থাকা দরকার। সভাপতি মহোদয় নতুন জাতের নামকরণের ব্যাপারে বিস্তারিত আলোচনার জন্য আগামী কারিগরি কমিটির সভায় একটি এজেন্ডা থাকা প্রয়োজন বলে অভিমত প্রকাশ করেন।

এ যাবত যতগুলো জাত অনুমোদিত হয়েছে, সেগুলোর একটি তালিকা তৈরী এবং নামকরণের ব্যাপারে পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সীকে আহবায়ক করে প্রয়োজনীয় সুপারিশ রাখার জন্য তিন সদস্যবিশিষ্ট একটি কমিটি গঠনের সুপারিশ করা হয়। কমিটিতে অন্যান্য সদস্য হবেন ডঃ এম এম রশিদ, প্রকল্প পরিচালক, কন্দাল ফসল, বিএআরআই ও জনাব এম নাজমুল হুদা, ব্যবস্থাপক, বীজ উৎপাদন (কঃ গ্রোঃ), বিএডিসি। উক্ত কমিটি, কারিগরি কমিটির পরবর্তী সভায় এ ব্যাপারে একটি প্রতিবেদন পেশ করবেন। বিস্তারিত আলোচনায় প্রকাশ পায় যে ২২তম সভায় গৃহীত বিভিন্ন সিদ্ধান্ত যথারীতি সংশ্লিষ্ট প্রজননবিদগণকে জানানো হয় এবং চূড়ান্ত অনুমোদনের জন্য জাতীয় বীজ বোর্ডের ২৮তম সভায় পেশ করা হয়। কারিগরি কমিটির সিদ্ধান্ত বাস্তাবায়নে উপস্থিত সদস্যগণ সন্তোষ প্রকাশ করেন।

সিদ্ধান্ত ঃ জাতীয় বীজ বোর্ড কর্তৃক এ যাবত যতগুলো জাত অনুমোদন করা হয়েছে, সেগুলোর একটি তালিকা তৈরী এবং নতুন জাতের নামকরণের ব্যাপারে প্রয়োজনীয় সুপারিশ রাখার জন্য ১) পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সী (আহবায়ক), ২) ডঃ এম এম রশিদ, প্রকল্প পরিচালক, কান্দল ফসল, বিএআরআই ৩) জনাব মোঃ নাজমুল হুদা, ব্যবস্থাপক, বীজ উৎপাদন (কঃ গ্রোঃ), বিএডিসি এই তিন জনের একটি কমিটি গঠন করা হয়। কমিটি, কারিগরি কমিটির পরবর্তী সভায় এ ব্যাপারে একটি প্রতিবেদন পেশ করবেন।

আলোচ্য বিষয়-৩ ঃ বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট কর্তৃক উদ্ভাবিত রোপা আউশের একটি জাত বিআর-২৬ (শ্রাবণী) এর অনুমোদন।

ধান গবেষণা ইনস্টিটিউট কর্তৃক উদ্ভাবিত রোপা আউশের জাত বি,আর-২৬ (শ্রাবণী) এর অনুমোদনের বিষয়টি কমিটির সদস্য-সচিব জনাব মনির উদ্দিন খান, প্রধান বীজ প্রত্যয়ন অফিসার (ভারপ্রাপ্ত), সভায় উপস্থাপন করেন এবং সংশ্লিষ্ট প্রজননবিদকে জাতটির বিস্তারিত তথ্য তুলে ধরার জন্য আহবান জানান। ডঃ নূর মোহাম্মদ মিয়া, মূখ্য বৈজ্ঞানিক অফিসার, বিআরআরআই, উল্লিখিত জাতটির তথ্য তুলে ধরে বিস্তারিত আলোচনা করেন। আলোচনায় অংশ নেন জনাব মোঃ নাজমুল হুদা, ব্যবস্থাপক বীজ উৎপাদন (কঃ গ্রোঃ), বিএডিসি জনাব মোঃ এনামুল হক, অতিরিক্ত পরিচালক (সরেজমিন), কৃষি সম্প্রসারণ অধিদপ্তর এবং সভাপতি মহোদয়। জনাব মোঃ নাজমুল হুদা জাতটির সুপ্ততা এবং জীবনীশক্তির (Viability) কোনো উপাত্ত পরিবেশন করা হয়নি বলে জানান। তিনি এ যাবত জাতীয় বীজ বোর্ড কর্তৃক অনুমোদিত ধানের যেসব জাতগুলো মাঠে রয়েছে, সেগুলো কি অবস্থায় আছে তা নিরুপণের জন্য অতীতে যে কমিটি গঠন করা হয়েছিলো, সে কমিটিকে তাদের কাজ যথাযথভাবে সম্পন্ন করার জন্য একটি তাগিদপত্র দেয়ার আহবান রাখেন। অন্যথায়, কমিটিকে আবার নতুন করে গঠন করার প্রস্তাব রাখেন।

অতঃপর বিস্তারিত আলোচনান্তে উপস্থিত সদস্যগণ কর্তৃক বিআর-২৬ (শ্রাবণী) জাতটিকে চূড়ান্ত অনুমোদনদানের লক্ষ্যে জাতীয় বীজ বোর্ডের নিকট সুপারিশ করা হয়।

সিদ্ধান্ত ঃ বিআর-২৬ (শ্রাবণী) জাতের ধান চাষী পর্যায়ে চাষাবাদের অনুমোদনদানের জন্য জাতীয় বীজ বোর্ডের নিকট সুপারিশ পেশ করা হয়। তবে এর সুপ্ততা এবং জীবনীশক্তির উপাত্ত অবশ্য সরবরাহ করতে হবে। ধানের অনুমোদিত জাতগুলো মাঠে বর্তমানে কি অবস্থায় রয়েছে, তা নিরুপণের জন্য ইতিপূর্বে গঠিত কমিটিকে কাজ সম্পন্ন করার জন্য তাগিদপত্র দিতে হবে। কারিগরি কমিটির সদস্য-সচিব এ ব্যাপারে একটি তাগিদপত্র জারী করবেন।

আলোচ্য বিষয়-৪ ঃ বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট কর্তৃক সংগৃহীত আলুর জাত 'আইল্‌সা' এর অনুমোদন।

বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট কর্তৃক সংগৃহীত আলুর জাত আইল্‌সা এর অনুমোদনের বিষয়ে সভায় উপস্থাপন করা হলে এ জাতটির ওপর বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনায় অংশ নেন ডঃ এম এম রশিদ, প্রকল্প পরিচালক, কন্দাল ফসল, বিএআরআই। জনাব মোঃ এনামুল হক, অতিরিক্ত পরিচালক (সরেজমিন), কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, জনাব মোঃ শরীফুর রহমান, মূখ্য আখ রোগতত্ত্ববিদ, ঈশ্বরদী সভায় জানান যে, জাতটির গুদামে সংরক্ষণ ক্ষমতা ভাল। সুতরাং জাত টিকে ছাড় করা যেতে পারে। জনাব জি এম মঈনুদ্দীন, বিএডিসি উল্লেখ করেন যে, এ জাতটির ফলন কম এবং জাতটি দীর্ঘ সুপ্ততাবিশিষ্ট। তাছাড়া, জাতটির গুদামজাত বিষয়ক কোন উপাত্ত পরিবেশন করা হয়নি, যা পরিবেশন করা দরকার। মাঠ মূল্যায়ন দলনেতা জনাব মোঃ এনামুল হক জানান যে স্বাভাবিক অবস্থায় এ জাতটি অধিক সুপ্ততাবিশিষ্ট বিধায় জাতটি ছাড় করা যেতে পারে। তবে এর রোগবালাই সম্বন্ধে আরও পরীক্ষা-নিরীক্ষা করা দরকার। জাতটি যেহেতু প্রবর্তিত জাত, তাই হিমাগারে গোদামজাত করার ওপর আরও পরীক্ষা-নিরীক্ষা করার প্রয়োজন রয়েছে। যেহেতু দীর্ঘসুপ্ততাবিশিষ্ট আর কোন আলুর জাত আমাদের দেশে নেই, তাই জাতটি ছাড়করণের ব্যাপারে উপস্থিত সদস্যগণ একমত পোষণ করেন।

সিদ্ধান্ত ঃ বিএআরআই কর্তৃক সংগৃহীত আলুর জাত আইল্‌সা এদেশে চাষী পর্যায়ে চাষাবাদের লক্ষ্যে অনুমোদনের জন্য জাতীয় বীজ বোর্ডের নিকট সুপারিশ করা হয়। তাবে জাতটির গুদামজাতের ওপর প্রয়োজনীয় উপাত্ত অবশ্যই দাখিল করতে হবে।

আলোচ্য বিষয়-৫ঃ বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট কর্তৃক উদ্ভাবিত গমের দুটি জাত 'বি,এ,ডাব্লিউ-১৭১' (সাওগাত/নিশান) এবং বি.এ.ডাব্লিউ-৪৫২ (প্রতিভা/নূর) এর অনুমোদন।

বিএআরআই কর্তৃক উদ্ভাবিত গমের দু'টি জাত 'বি.এ.ডাব্লিউ-১৭১' (সাওগাত/নিশান) এবং বি.এ.ডাব্লিউ-৪৫২' (প্রতিভা/নুর), এর অনুমোদনের বিষয়টি উপস্থাপন করা হলে বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনায় অংশ নেন সংশ্লিষ্ট প্রজননবিদ ডাঃ কাজী বেনজীর আলম, জনাব মোঃ নাজমুল হুদা, ব্যবস্থাপক, বীজ উৎপাদন (কঃ গ্রোঃ), বিএডিসি ও দলেনেতা জনাব মোঃ এনামুল হক, অতিরিক্ত পরিচালক (সরেজমিন), কৃষি সম্প্রাসারণ অধিদপ্তর। সদস্য-সচিব জনাব মনির উদ্দিন খান জানান যে, আলোচ্য জাতগুলো প্রচলিত জাতগুলো থেকে পার্থক্য করার জন্য পার্থক্যকরণ বা সনাক্তকরণ চিহ্ন নাই। পার্থক্যকরণ চিহ্ন ছাড়া জাত চিহ্নিতকরণ কাজ মাঠে সম্ভব হয় না বিধায় বীজ প্রত্যয়ন এজেন্সী'র পক্ষে পার্থক্য করা বেশ কঠিন হয়ে দাঁড়ায়। বিস্তারিত আলোচনান্তে জাত দু'টিকে সনাক্তকরণ চিহ্নসহ কারিগরি কমিটির পরবর্তী সভায় উপস্থাপন করার জন্য সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

সিদ্ধান্ত ঃ সনাক্তকরণ চিহ্নসহ গমের জাত দু'টির অনুমোদনের বিষয়ে কারিগরি কমিটির পরবর্তী সভায় পেশ করার জন্য সিদ্ধান্ত নেয়া হয়।

আলোচ্য বিষয়-৬ ঃ ইক্ষু গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট কর্তৃক উদ্ভাবিত ৪ (চার) টি ইক্ষু জাত ঈশ্বরদী-২২, ঈশ্বরদী-২৩, ঈশ্বরদী-২৪, ঈশ্বরদী-২৫ এর অনুমোদন।

ইক্ষু গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট কর্তৃক উদ্ভাবিত ৪টি ইক্ষুর জাতের অনুমোদনের বিষয়টি সদস্য-সচিব জনাব মনির উদ্দিন খান সভায় উপস্থাপন করেন। আখের চারটি জাতের উপর সভায় বিস্তারিত আলোচনা হয়। আলোচনায় অংশ নেন জনাব মোঃ ইয়াসিন আলী, পরিচালক, এসআরটিআই, ডঃ নূর মোহাম্মদ মিয়া, মূখ্য বৈজ্ঞানিক অফিসার, বিআরআরআই ও জনাব মোঃ নজমুল হুদা, ব্যবস্থাপক, বীজ উৎপাদন (কঃ গ্রোঃ), বিএডিসি। ডঃ নূর মোহাম্মদ মিয়া জানান যে, প্রস্তাবিত আখের জাতগুলোর কোন অন-ফার্ম ট্রায়াল দেয়া হয়নি। এ ব্যাপারে পরিচালক, এসআরটিআই জানান, আখের অন-ফার্ম ট্রায়াল করা খুব অসুবিধেজনক। কারণ হিসেবে তিনি বলেন যে, যেহেতু ফসলটি দীর্ঘ মেয়াদী তাই এই দীর্ঘ সময়ে জাতটি চাষীর জমিতে আবাদ করা হলে চাষীর জমি হতে ফসল চুরি হয়ে যায় এবং ফলে উপাত্ত সংগ্রহ করা সম্ভব হয় না। ফলশ্রুতিতে জাতটি রিলিজ হওয়ার পূর্বেই চাষীগণ নিজেদের প্রচেষ্টায় ইহা বিক্ষিপ্তভাবে আবাদ করতে থাকে। ফলে জাতটির অনুমোদন প্রক্রিয়া বিঘ্নিত হয়। তাই এর অন্-ফার্ম ট্রায়াল করা হয়নি। তিনি আরও জানান যে ঈশ্বরদী-২২ জাতটি খরা, বন্যা ও জলবদ্ধতা সহিষ্ণু জাত। তাছাড়া, এই জাতটি আগাম পরিপক্ব জাত। ঈশ্বরদী -২৩ জাতটিও আগাম পরিপক্ব এবং মাঠে সহজে হেলে পড়ে না। ঈশ্বরদী-২৪ জাতটি জলাবদ্ধতাসহিষ্ণু এবং এর গুঁড়ের গুণগতমান অত্যন্ত ভাল। এই জাতের আখ চিবিয়ে খাওয়ার উপযোগী। ঈশ্বরদী-২৫ জাতটি বন্যাসহিষ্ণু এবং নদীর চর ও বন্যাপ্রবণ এলাকায় চাষাবাদের জন্য উপযোগী এবং লাল পচাঁ ও ডগা পঁচা রোগ প্রতিরোধ ক্ষমতাসম্পন্ন। বিস্তারিত আলোচনা শেষে উপস্থিত সদস্যগণ ঈশ্বরদী-২২ বন্যাসহিষ্ণু জাত হিসাবে, ঈশ্বরদী-২৪ জাতটি গুঁড় এবং খাওয়ার আখ হিসেবে এবং

ঈশ্বরদী-২৫ জাতটিকে গুঁড় এবং চিনির জন্য ভাল জাত হিসাবে বাংলাদেশে চাষাবাদের অনুমোদনের জন্য জাতীয় বীজ বোর্ডের নিকট সুপারিশ পেশ করে। তবে ভবিষ্যতে ইক্ষুর জাত অনুমোদনের ব্যাপারে মিল ফার্মে, প্রাগ্রসর চাষীর জমিতে এবং ইক্ষু গবেষণাগার ফার্মে 'অন-ফার্ম ট্রায়ালের' ব্যবস্থা করে উপাত্তসহ কারিগরি কমিটির সভায় উপস্থাপন করতে হবে। নতুন ফর্মের আলোকে বর্তমানে প্রস্তাবকৃত জাতগুলির তথ্য প্রদান করতে হবে। অন্যথায়, জাতীয় বীজ বোর্ডের সভায় অনুমোদনের জন্য পেশ করা যাবে না।

সিদ্ধান্ত ঃ ইক্ষু গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট কর্তৃক উদ্ভাবিত আখের জাত ঈশ্বরদী-২২, ঈশ্বরদী-২৪ এবং ঈশ্বরদী-২৫ জাত তিনটি চাষাবাদের লক্ষ্যে অনুমোদনের জন্য জাতীয় বীজ বোর্ডের নিকট সুপারিশ করা হয়। তবে নতুন ফর্মে পুণরায় সংশ্লিষ্ট জাতগুলোর জন্য আবেদন পত্র দাখিল করতে হবে। ভবিষ্যতে মিল ফার্মে, প্রাগ্রসর চাষীর জমিতে এবং ইক্ষু গবেষণাগারের ফার্মে 'অনফার্ম ট্রায়ালের' ব্যবস্থা করতে হবে।

আলোচ্য বিষয়-৭ ঃ বিবিধ

ক) বীজ পরীক্ষাগারে জাতের বিশুদ্ধতা পরীক্ষায় জাতিগত মিশ্রণ পরীক্ষা এবং গুদামে রক্ষিত বীজের বেলায় লট সাইজ নির্ধারণ বিষয়টি সভায় উপস্থাপন করা হলে সদস্য-সচিব মনির উদ্দিন খান জানান যে উল্লিখিত বিষয়ে অতীতে একটি কমিটি গঠন করা হয়েছিল, কিন্তু সেই কমিটি বিষয়টির ওপর সুনির্দিষ্ট কোন রুপরেখা দেননি। অথচ এ ব্যাপারে একটি নীতিমালা থাকা প্রয়োজন। বিস্তারিত আলোচনা শেষে বিষয়টির ওপর একটি প্রতিবেদন পেশ করার জন্য ৫- সদস্যবিশিষ্ট একটি কমিটি গঠনের প্রস্তাব করা হয়।

সিদ্ধান্ত ঃ বীজ পরীক্ষাগারে জাতের বিশুদ্ধতা পরীক্ষায় জাতিগত মিশ্রণ পরীক্ষা এবং গুদামে রক্ষিত বীজের বেলায় লট সাইজ নির্ধারণের বিষয়ে ৫-সদস্যবিশিষ্ট একটি কমিটি গঠন করা হয়। কারিগরি কমিটির পরবর্তী সভায় কমিটি এ বিষয়ে একটি প্রতিবেদন পেশ করবেন।

কমিটি ঃ-

১।	জনাব আ কা মু গিয়াস উদ্‌দীন মিল্‌কী পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সী	আহবায়ক
২।	ডঃ নুর মোহাম্মদ মিয়া মুখ্য বৈজ্ঞানিক অফিসার, উদ্ভিদ প্রজনন বিভাগ, বিআরআরআই	সদস্য
৩।	ডঃ এস বি সিদ্দিকী মূখ্যবৈজ্ঞানিক অফিসার, বিআরআরআই	সদস্য
৪।	জনাব জি এম মঈনুদ্দীন মহা-ব্যবস্থাপক (বীজ), বিএডিসি	সদস্য
৫।	জনাব এম নজমুল হুদা ব্যবস্থাপক বীজ উৎপাদন (কঃ গ্রোঃ) বিভাগ, বিএডিসি	সদস্য

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্ত করেন।

স্বাক্ষর-
(মনির উদ্দিন খান)
সদস্য-সচিব
কারিগরি কমিটি, জাতীয় বীজ বোর্ড এবং
প্রধান বীজ প্রত্যয়ন কর্মকর্তা
বীজ অনুমোদন সংস্থা।

স্বাক্ষর- (ডাঃ এম.এস.ইউ চৌধুরী)
সভাপতি
কারিগরি কমিটি, জাতীয় বীজ বোর্ড
এবং
নির্বাহী সহ-সভাপতি
বাংলাদেশ কৃষি গবেষণা পরিষদ।

৪-১০-৯২ ইং তারিখে অনুষ্ঠিত কারিগরি কমিটির ২৩ তম সভায় সদস্য/কর্মকর্তাদের উপস্থিতির তালিকা

ক্রঃনং	নাম, পদবী ও প্রতিষ্ঠান
১।	ডঃ কাজী বেনজির আলম প্রধান বৈজ্ঞানিক অফিসার এবং প্রকল্প পরিচালক (ভারপ্রাপ্ত) গম গবেষণা কেন্দ্র
২।	জনাব মোঃ আবদুল জব্বার সহযোগী ইক্ষু প্রযুক্তিবিদ (গ্রেড-১) ইক্ষু গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট
৩।	ডঃ এম.এ সামাদ মিয়া প্রধান উদ্ভিদ শরীরতত্ত্ববিদ ইক্ষু গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট
৪।	ডঃ এ. আউয়াল প্রধান ইক্ষু প্রজননবিদ (গ্রেড-১) ইক্ষু গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট
৫।	জনাব মোঃ শরীফুর রহমান প্রধান আখ রোগতত্ত্ববিদ, ইক্ষু গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট
৬।	জনাব এম এ রশিদ অতিরিক্ত প্রধান, ইক্ষু গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট
৭।	জনাব মোঃ ইয়াসিন আলী পরিচালক, ইক্ষু গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট
৮।	জনাব মোঃ আবদুল মোতালেব প্রধান বৈজ্ঞানিক অফিসার, পাট গবেষণা ইনস্টিটিউট।
৯।	জনাব আ.কা.মু. গিয়াস উদ্দীন মিল্‌কী পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সী
১০।	ডঃ মামুনুর রশিদ বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট
১১।	জনাব জি এম মঈনুদ্দীন মহা ব্যবস্থাপক (বীজ), বিএডিসি
১২।	জনাব মোঃ নজমুল হুদা ব্যবস্থাপক, বীজ উৎপাদন (কঃ গ্রোঃ) বিভাগ, বিএডিসি
১৩।	জনাব এম.এনামুল হক অতিরিক্ত পরিচালক, ডিএই
১৪।	ডঃ নুর মোহাম্মদ মিয়া মূখ্য বৈজ্ঞানিক অফিসার, বিআরআরআই

জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটির চতুর্বিংশ/২৪তম সভার কার্যবিবরণী

গত ২৫-৮-৯৩ ইং (১০-৩-১৪০০ বাং) তারিখ বুধবার বিকেল ২.৩০ ঘটিকায় ডঃ এম এস ইউ চৌধুরী, নির্বাহী সহ-সভাপতি, বাংলাদেশ কৃষি গবেষণা পরিষদ এবং সভাপতি কারিগরি কমিটি, জাতীয় বীজ বোর্ড এর সভাপতিত্বে বিএআরসি সম্মেলন কক্ষে কারিগরি কমিটির ২৪তম সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় কারিগরি কমিটির সদস্য এবং সংশ্লিষ্ট প্রজননবিদ/বিজ্ঞানী/কর্মকর্তাদের উপস্থিতিতে (তালিকা সংযুক্ত) নিম্নবর্ণিত বিষয়ে বিস্তারিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্য বিষয়-১ ঃ কারিগরি কমিটির ২৩তম সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ।

কারিগরি কমিটির সদস্য-সচিব জানান যে, বিগত ২৩তম সভার কার্যবিবরণী বিভিন্ন গবেষণা ইনস্টিটিউটের প্রধান এবং সংশ্লিষ্ট বিজ্ঞানীসহ কারিগরি কমিটির সকল সদস্যের নিকট যথাসময়ে প্রেরণ করা হয়েছে। কার্যবিবরণী বিতরণের পর এ বিষয়ে কোন মন্তব্য বা আপত্তি আসেনি। অতঃপর বিস্তারিত আলোচনাশেষে ২৩তম সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়।

আলোচ্য বিষয়-২ ঃ কারিগরি কমিটির ২৩তম সভার গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন।

কারিগরি কমিটির ২৩তম সভা গত ৪-১০-৯২ ইং তারিখে অনুষ্ঠিত হয়। অদ্যকার সভায় ২৩তম সভার গৃহীত বিভিন্ন সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনাশেষে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত ঃ

ক) ইতিপূর্বে যে সকল জাত জাতীয় বীজ বোর্ড কর্তৃক অনুমোদিত হয়েছে সেগুলোর নামকরণ পূর্বের মত চালু থাকবে। ইতিপূর্বে গঠিত উপ-কমিটি কর্তৃক ঐ সকল জাতগুলোর একটি ক্রমিক নম্বর প্রদানপূর্বক সংশোধন করে ঐ লিষ্ট ক্রম অনুসারে জাতীয় বীজ বোর্ডের অনুমোদনের জন্য-পেশ করা হবে। ফসলের জাত নামকরণের ব্যাপারে বিগত সভায় গঠিত উপ-কমিটির প্রস্তাব অনুমোদন করা হয় এবং সুপারিশসহকারে জাতীয় বীজবোর্ডের পরবর্তী সভায় পেশ করার সিদ্ধান্ত গৃহীত হয়। অনুমোদিত ছকপত্রের নমুনা পরিশিষ্ট "ক" তে দেয়া হলো।

খ) পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সী সভায় অবহিত করেন যে, অনুমোদিত বহু জাত নামে বহাল থাকলেও মাঠে নেই। তিনি এ ব্যাপারে বিএডিসি কর্তৃক গৃহীত সাম্প্রতিক কালের বীজ উৎপাদন কর্মসূচীর প্রতি উপস্থিত সদস্যদের দৃষ্টি আকর্ষণ করেন। দেখা যায় যে, ধানের মাত্র ৮/১০টি জাতই উৎপাদন প্রক্রিয়ার সংগে জড়িত এবং এ ব্যাপারে বিএডিসি'র মহা-ব্যবস্থাপক (বীজ) সভাকে অবহিত করেন যে চাহিদার কারণেই এমনটি ঘটে। এ ব্যাপারে মহা-পরিচালক, বিনা সভায় মত প্রকাশ করেন যে, চাহিদা সৃষ্টির ব্যাপারে অনেক সময়ই সকল জাত সমান প্রদর্শনীর সুবিধা পায়নি। যাহোক, এ ব্যাপারে বিস্তারিত আলোচনা হয় এবং মাঠে বিভিন্ন ধানের জাত বর্তমানে কি পরিমাণ আবাদ হচ্ছে (Status report) সে ব্যাপারে/বিগত সভায় গৃহীত সিদ্ধান্ত পরিবর্তন পূর্বক জনাব এম এনামুল হক অতিরিক্ত-পরিচালক, ডিএই জনাব জি এম মঈন উদ্দিন, মহা-ব্যবস্থাপাক (বীজ) বিএডিসি এবং জনাব মোঃ মোসলেহ্ উদ্দিন, পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সী সমন্বয়ে একটি কমিটি গঠন করা হয়। পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সী উক্ত কমিটির আহ্বায়ক হবেন।

গ) ইক্ষু গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউ কর্তৃক উদ্ভাবিত ঈশ্বরদী-২২, ২৪ ও ২৫ এই তিনটি অনুমোদিত জাতের ব্যাপারে জাতের নম্বরের ধারাবাহিকতা রক্ষাকল্পে সংস্থার ২৭-৫-৯৩ইং তারিখে গেজেট নোটিফিকেশন দেয়ার যে প্রস্তাব দেয়া হয় তা সুপারিশের জন্য বিবেচনা করা গেল না। গেজেট নোটিফিকেশন অনুমোদিত জাতের ক্রম অনুসারে দেয়া হবে।

আলোচ্য বিষয়-৩ঃ বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট কর্তৃক উদ্ভাবিত গমের দুটি জাত বি.এ.ডব্লিউ-১৭১ (সওগাত/নিশান) এবং বি.এ.ডব্লিউ-৪৫২ (প্রতিভা/নূর) এর অনুমোদন।

বিএআরআই কর্তৃক উদ্ভাবিত গম এর জাত দুটি কারিগরি কমিটির ২৩তম সভায় উপস্থাপন করা হয়। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয় এবং সনাক্তকারী চিত্রসহ গমের জাত দুটি পরবর্তী কারিগরি কমিটির সভায় পেশ করার সিদ্ধান্ত নেয়া হয়। সে মোতাবেক প্রস্তাবটি প্রকল্প-পরিচালক গম গবেষণা কেন্দ্র কর্তৃক উপস্থাপন করা হয়। তিনি জানেন যে, বি.এ.ডব্লিউ-১৭১ এবং বি.এ.ডব্লিউ-৪৫২ জাত দুটি সনাক্তকরণ চিত্রসহ প্রদান করা হয়েছে। মূল্যায়ন প্রতিবেদন পর্যালোচনা করে দেখা যায় বি.এ.ডব্লিউ-১৭১ জাতটির ফলন কাঞ্চন জাতের সহিত তুলনীয় এবং রোগ প্রতিরোধ ক্ষমতা সম্পন্ন, জীবন মেয়াদও কাঞ্চনের তুলনায় কিছু কম এবং দানার রং সাদা। বি.এ.ডব্লিউ-৪৫২ জাতটি সেচসহ ও বিনা সেচে ফলন কাঞ্চন এবং সোনালিকার চেয়ে বেশী এবং আমন ধান কাটার পর দেরীতে বপনে জাত দু'টো উপযুক্ত। জাত দু'টো রাষ্ট রোগ প্রতিরোধ ক্ষমতা সম্পন্ন।

সিদ্ধান্ত ঃ বর্তমানে অনুমোদিত গম এর জাতের সংখ্যা অপ্রতুল এবং ফলন কাঞ্চনের সহিত তুলনীয় এবং রাষ্ট রোগ প্রতিরোধ ক্ষমতা সম্পন্ন বিধায় এসব কারণে জাত দু'টো অনুমোদন এর জন্য জাতীয় বীজ বোর্ডের নিকট সুপারিশ করা হলো।

আলোচ্য বিষয়-৪ ঃ আলুর জাত রিলিজ ও এম.এল.টি, পরীক্ষাকরণ।

ডঃ মামুনুর রশিদ, প্রকল্প পরিচালক, কন্দাল ফসল গবেষণা কেন্দ্র কর্তৃক উপস্থাপিত আলুর জাত রিলিজ করার প্রক্রিয়া সংক্ষিপ্তকরণ প্রস্তাব নিয়ে দীর্ঘ আলোচনা হয় এবং জাত রিলিজ করার পূর্বে কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ও বিএডিসি'র সহায়তায় চাষীদের মাঠে এম.এল.টি পরীক্ষা করার সিদ্ধান্ত অনুমোদন করা হয়। এ ব্যাপারে প্রয়োজনীয় তথ্য সরবরাহ করবেন প্রকল্প পরিচালক, কন্দাল ফসল গবেষণা কেন্দ্র।

আলোচ্য বিষয়-৫ঃ বিএআরআই কর্তৃক উদ্ভাবিত আলুর দু'টি নতুন জাত ক্লোন পি-৮৬.৪৫৭ ও পি-৮৭.৩৬৪ এর অনুমোদন।

জাত দুটি অনুমোদনের ব্যাপারে আবেদনপত্রগুলি পরীক্ষা করা হয় এবং লক্ষ্য করা যায় যে, আবেদনপত্রের সকল নির্ধারিত ছক যথাযথ পূরণ করা হয়নি। এ ব্যাপারে সদস্য-সচিব, সভাকে অবহিত করেন যে, মাত্র ১দিন পূর্বে তিনি আবদনসমূহ পেয়েছেন, কাজেই আবেদনের ত্রুটি ধরা পড়লেও প্রয়োজনীয় ত্রুটি দূর করে অনুমোদনের জন্য সুপারিশ করা যায় কি না সে জন্যই তিনি সভায় সকল সম্মানিত সদস্যদের বিবেচনার জন্য উপস্থাপন করেছেন। এ ব্যাপারে সভাপতি মহোদয় জানান যে, আলুর ব্যাপারে যেহেতু অনুমোদিত জাতের সংখ্যা খুব কম। তাই প্রয়োজনীয় তথ্য আবেদন পত্রের চাহিদা অনুযায়ী পুরোপুরি সরবরাহ করা হলে পরবর্তী বীজ বোর্ডের সভায় উপস্থাপন করা যেতে পারে। তবে ভবিষ্যতে অসম্পূর্ণ কোন প্রকার আবেদন বিবেচনার জন্য কারিগরি কমিটির সভায় পেশ করা যাবে না। সিদ্ধান্তটি সভায় অনুমোদিত হয়। প্রকল্প-পরিচালক (কন্দাল ফসল)-কে প্রয়োজনীয় তথ্যসহ আবেদন পত্র পুনরায় সদস্য-সচিব, কারিগরি কমিটির নিকট পেশ করতে অনুরোধ করা হয়।

আলোচ্য বিষয়-৬ ঃ বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট কর্তৃক উদ্ভাবিত মিষ্টি আলুর দুটি জাত ক্লোন এস.পি-৩৯৬ (ডি-৪৪) এবং এস,পি-৩৯৭ (ডি-৫৩) এর অনুমোদন।

আবেদনপত্রে ত্রুটি বিচ্যুতি থাকায় আবেদনপত্র যথাযথভাবে পূরণ করে পরবর্তী করিগরী কমিটির সভায় উপস্থাপনের অনুরোধ জানানো হয়।

আলোচ্য বিষয়-৭ ঃ বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট কর্তৃক উদ্ভাবিত দু'টি ছোলার জাত বারিছোলা-২ ও বারিছোলা-৩ এর অনুমোদন।

জাত দু'টি সম্পর্কে দীর্ঘ আলোচনা হয়। আবেদনপত্র যথাযথভাবে পূরণ করা হয়নি। আবেদন পত্র যথাযথভাবে পূরণস্বাপেক্ষে অনুমোদনের সুপারিশ করা গেল। আবেদনপত্র যথাযথভাবে পূরণ করে পুনঃ দাখিল করা হলে পরবর্তী জাতীয় বীজ বোর্ডের সভায় উপস্থাপনের জন্য সুপারিশ করা হলো।

আলোচ্য বিষয়-৮ ঃ বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট কর্তৃক উদ্ভাবিত কাউপি জাত বারিফলন-১ এর অনুমোদন।

সভায় কাউপি জাত বারিফলন-১ সম্পর্কে দীর্ঘ আলোচনা হয়। উক্ত জাতের নাম বারি গোসীম-১-চট্টলা) নামকরণের সিদ্ধান্ত গৃহীত হয়। আবেদন পত্র যথাযথভাবে পূরণ করা হয়নি বিধায় আবেদনপত্রের ছক যথাযথভাবে পূরণ করা পেক্ষে জাতীয় বীজ বোর্ডের সভায় উপস্থাপনের জন্য সদস্য-সচিব, কারিগরি কমিটি বরাবরে প্রেরণের জন্য উদ্ভাবনী কর্তৃপক্ষকে অনুরোধ জানানো হলো।

আলোচ্য বিষয় -৯ ঃ বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট কর্তৃক উদ্ভাবিত মসুর এর জাত ফারুনী এর অনুমোদন।

এ জাতটির আবেদনপত্রও ত্রুটিপূর্ণ হওয়ায় অনুমোদনের ব্যাপারে জাতীয় বীজবোর্ডের সভায় উপস্থাপনের জন্য আবেদনপত্র যথাযথভাবে পূরণ করে সদস্য-সচিব, কারিগরি কমিটি বরাবরে পুনঃ দাখিলের অনুরোধ জানানো গেল।

আলোচ্য বিষয়-১০ ঃ বিবিধ।

ক) সদস্য-সচিব, কারিগরি কমিটি সভাকে অবহিত করেন যে বিভিন্ন ফসলের জাত উদ্ভাবনের নিমিত্তে আবেদনপত্র এক দিন পূর্বে তাঁর কার্য্যালয়ে দাখিল করায় আবেদনসমূহ পুরোপুরিভাবে যাচাই করা সম্ভব হয়নি। এ ব্যাপারে সভায় দীর্ঘ আলোচনা করা হয়।

সিদ্ধান্ত ঃ জাত উদ্ভাবনী কর্তৃপক্ষ কর্তৃক কারিগরি কমিটির সভার অন্ততঃ ১৫ দিন পূর্বে সদস্য-সচিব বরাবরে জাতীয় বীজ বোর্ড কর্তৃক অনুমোদিত ৪৮ কপি ছকপত্র যথাযথভাবে পূরণপূর্বক দাখিল করতে হবে। অন্যথায় আবেদপত্র বিবেচনা করা সম্ভব হবে না। কোন অসম্পূর্ণ আবেদন সভায় উপস্থাপন করা যাবে না। অনুমোদিত ছক পত্রের এক কপি প্রত্যেক সদস্য বরাবরে/গবেষণা কেন্দ্রে প্রেরণের ব্যবস্থা নিবেন সদস্য-সচিব।

ক) সভাপতি মহোদয় Seedmen's society of Bangladesh এর সভাপতি জনাব বি.আই.সিদ্দিকী কর্তৃক তাঁর সোসাইটিকে কারিগরি কমিটির সদস্য হিসেবে অন্তর্ভুক্তির আবেদন পত্রের ব্যাপারে সভায় উপস্থিত সদস্যদের দৃষ্টি আকর্ষণ করেন। বিস্তারিত আলোচনা শেষে এই মর্মে সিদ্ধান্ত গৃহীত হয় যে, উক্ত সোসাইটি থেকে একজন প্রতিনিধি জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটিতে অন্তর্ভুক্তির ব্যাপারে কারিগরি কমিটির আপত্তি নেই, তবে কে হবেন সে ব্যাপারে জাতীয় বীজ বোর্ডের সিদ্ধান্ত প্রয়োজন।

খ) সভায় এই মর্মে আলোচনা হয় যে, বর্তমানে ফসলের জাত মূল্যায়ন করার ব্যাপারে কোন নির্দিষ্ট ছকপত্র না থাকায় মূল্যায়ন প্রতিবেদনে কোন সামঞ্জস্য থাকে না। এ ব্যাপারে একটি নির্দিষ্ট ছকপত্র অনুমোদিত থাকলে বিশেষ কিছু গুণাবলীর ব্যাপারে তথ্য নির্ধারিত থাকিবে। ফলে মূল্যায়ন ভাল হবে। বিস্তারিত আলোচনার পর পরিচালক, বীজ প্রত্যায়ন এজেন্সী-কে আহ্বায়ক করে এবং জনাব নাজমুল হুদা, প্রধান বীজতত্ত্ববিদ, কৃষি মন্ত্রণালয়-কে সদস্য করে দু'সদস্যের একটি উপ-কমিটি গঠন করা হলো। এ কমিটি ছকপত্র তৈরী করবেন।

অতপরঃ আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্ত করেন।

স্বাক্ষর-
(মনির উদ্দিন খান)
সদস্য-সচিব
কারিগরি কমিটি, জাতীয় বীজ বোর্ড এবং
প্রধান বীজ প্রত্যয়ন অফিসার (ভারপ্রাপ্ত)
বীজ প্রত্যয়ন এজেন্সী।

স্বাক্ষর-
(ডাঃ এম এস ইউ চৌধুরী)
সভাপতি
কারিগরি কমিটি, জাতীয় বীজ বোর্ড
এবং
নির্বাহী সহ-সভাপতি
বাংলাদেশ কৃষি গবেষণা পরিষদ।

ছকপত্র

উদ্ভাবনকারী অথবা গবেষণা প্রতিষ্ঠানের নাম	সংক্ষিপ্ত নাম	ফসলের নাম	প্রতিষ্ঠান কর্তৃক উদ্ভাবিত জাতের ক্রমিক নং	কোন জনপ্রিয় নাম	জাতের নাম
বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট	বিআরআরআই	ধান	২৮	সৌরভ	বিআর-ধান-২৮ (সৌরভ)

২৫-৮-৯৩ ইং তারিখে অনুষ্ঠিত কারিগরি কমিটির ২৪তম সভায় উপস্থিত সদস্য/কর্মকর্তাদের তালিকা

ক্রঃ নং-	পদবী ও প্রতিষ্ঠান
১। জনাব মোঃ আঃ সাত্তার	পরিচালক, সরেজমিন উইং, ডিএই
২। জনাব এম এনামুল হক	অতিরিক্ত পরিচালক, সরেজমিন উইং, ডিএই
৩। জনাব মোঃ শফিকুল আলম	পরিচালক (কৃষি), বিজেআরআই
৪। জনাব এম এ মালেক	প্রকল্প পরিচালক (ভারপ্রাপ্ত),ডাল গবেষণা কেন্দ্র, বিএআরআই
৫। জনাব এম এ রাজ্জাক	প্রকল্প পরিচালক (গম) বিএআরআই
৬। ডঃ মামুনুর রশিদ	প্রকল্প পরিচালক, কন্দাল ফসল গবেষনা কেন্দ্র বিএআরআই
৭। জনাব মোঃ নজমুল হুদা	প্রধান বীজতত্ত্ববিদ, বীজ উইং, কৃষি মন্ত্রাণালয়
৮। জনাব জি এম মঈনুদ্দীন	মহা-ব্যবস্থাপক (বীজ) বিএডিস
৯। জনাব মোঃ ইকবাল আকতার,	প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, কন্দাল ফসল গবেষণা কেন্দ্র
১০। জনাব মোঃ হারুন-অর রশীদ	উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, বিএআরআই
১১। জনাব মোহাম্মদ হোসেন	উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, বিএআরআই
১২। জনাব এ জে মিয়া	মহা-পরিচালক, বিনা
১৩। জনাব কে এম লোকমান	মান নিয়ন্ত্রণ কর্মকর্তা, বীজ প্রত্যয়ন এজেন্সী
১৪। জনাব মোঃ মোসলেহ্ উদ্দিন	পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সী
১৫। জনাব মনির উদ্দিন খান	প্রধান বীজ প্রত্যয়ন অফিসার (ভারপ্রাপ্ত) বীজ প্রত্যয়ন এজেন্সী।

জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটির পঞ্চবিংশ/২৫তম সভার কার্যবিবরণী

গত ১২-৬-৯৪ ইং ও ২-৭-৯৪ইং তারিখ সকাল ১০.০০ ঘটিকায় ডঃ এম এস ইউ চৌধুরী, চেয়ারম্যান, কারিগরি কমিটি, জাতীয় বীজ বোর্ড এবং নির্বাহী সহ-সভাপতি, বাংলাদেশ কৃষি গবেষণা পরিষদ, এর সভাপতিত্বে বিএআরসি সম্মেলন কক্ষে যথাক্রমে কারিগরি কমিটির ২৫তম সভা এবং এর বর্ধিত সভা অনুষ্ঠিত হয়।

কারিগরি কমিটির উপস্থিত সদস্যগণের তালিকা যথাক্রমে পরিশিষ্ট 'ক' ও 'খ' এ দেয়া হলো। সভায় আলোচিত বিষয়গুলোর সংক্ষিপ্ত বিবরণ ও গৃহীত সিদ্ধান্তসমূহ নিম্নে উল্লেখ করা হলো।

আলোচ্য বিষয়-১ ঃ কারিগরি কমিটির ২৪তম সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ।

বীজ প্রত্যয়ন এজেন্সীর ১২-৯-৯৩ ইং তারিখের ১২৯৮ (২৫) নং স্মারকে কারিগরি কমিটি, জাতীয় বীজ বোর্ড এর ২৪তম সভার কার্যবিবরণী কমিটির সকল সদস্য এবং গবেষণা প্রতিষ্ঠানের প্রধানদের নিকট বিতরণ করা হয়। এ সভায় কারিগরি কমিটির সদস্য-সচিব জানান যে অদ্যাবধি কার্যবিবরণীর ওপর কোন সদস্যের নিকট থেকে মন্তব্য বা আপত্তি পাওয়া যায়নি। চেয়ারম্যান মহোদয় কোন সদস্যের ২৪তম সভার কার্যবিবরণীর ওপর কোন বক্তব্য থাকলে তা পেশের জন্য অনুরোধ জানান। কোন সদস্যের কোন বক্তব্য না থাকায় কার্যবিবরণী সঠিকভাবে রেকর্ড করা হয়েছে বলে সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত ঃ কারিগরি কমিটির ২৪তম সভার কার্যবিবরণী নিশ্চিত করা হলো।

আলোচ্য বিষয়-২ ঃ কারিগরি কমিটির ২৪তম সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন।

কারিগরি কমিটির ২৪তম সভার নয়টি সিদ্ধান্ত (২.১-২.৯) বাস্তবায়নের অগ্রগতির বিবরণ সদস্য-সচিব সভায় পড়ে শোনান। চেয়ারম্যান মহোদয় সিদ্ধান্তগুলো বাস্তবায়নের অগ্রগতির ওপর সদস্যদের মতামত আহ্বান করেন। সদস্যগণ এ বিষয়ে আলোচনায় অংশগ্রহণ করেন এবং নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

সিদ্ধান্ত ঃ

ক) দেশে ধান ফসলের বিভিন্ন জাতের আবাদের স্ট্যাটাস রিপোর্ট প্রণয়নের লক্ষ্যে গঠিত কমিটিকে পরবর্তী কারিগরি কমিটির সভায় তাদের প্রতিবেদন দাখিলের জন্য অনুরোধ করা হলো।

খ) আলুর জাত ছাড়করণের পদ্ধতি সহজীকরণ কমিটিকে তাদের সুপারিশমালা পরবর্তী কারিগরি কমিটির সভায় পেশ করার অনুরোধ জানানো হলো।

গ) ফসলের জাত মূল্যায়নের জন্য সংশ্লিষ্ট কমিটি কর্তৃক প্রস্তাবিত ছকপত্র অনুমোদন করা হয় এবং এখন হতেই উক্ত ছকপত্র ব্রিডার কর্তৃক যথাযথভাবে পুরণ করে তাঁর কর্তৃপক্ষের মাধ্যমে তিনি কারিগরি কমিটির সদস্য-সচিবের নিকট জমা দেবেন। অতঃপর কারিগরি কমিটির সদস্য-সচিব প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মূল্যায়ন টিমের নেতার নিকট প্রেরণ করবেন। অনুমোদিত ছকপত্র পরিশিষ্ট- "গ" এ দেয়া হলো। আলোচ্য বিষয়-২ এর সিদ্ধান্তগুলো বাস্তবায়নের অগ্রগতিতে সকল সদস্য সন্তোষ প্রকাশ করেন।

আলোচ্য বিষয়-৩ ঃ বিভিন্ন প্রতিষ্ঠান কর্তৃক প্রস্তাবিত জাতসমূহের অনুমোদন।

৩.১ বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট কর্তৃক উদ্ভাবিত চারটি প্রস্তাবিত জাত যথা-ব্রি ধান-২৮, ব্রি ধান-২৯, 'ব্রি ধান-৩০' এবং ব্রি ধান-৩১ এর গুণাবলী বর্তমানে উফশী জাতগুলোর চেয়ে কতটা ভাল তা সদস্যগণ পর্যালোচনা করেন। আলোচনায় বীজ প্রত্যয়ন এজেন্সীর পরিচালক উল্লেখ করেন যে, জাতগুলোর সনাক্তকারী বৈশিষ্ট না থাকায় প্রত্যয়ন কার্যক্রমে অসুবিধে হচ্ছে এবং বীজ বর্ধনকারী প্রতিষ্ঠানের সংগে জাত নিয়ে প্রায়ই মতভেদ সৃষ্টি হচ্ছে। মহা ব্যবস্থাপক (বীজ) বিএডিসি, মত প্রকাশ করেন যে বর্তমানে আউশ, বোরো ও আমন মৌসুমে ভাল জাতের সংখ্যা অল্প। সকল দিক বিবেচনাপূর্বক সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত ঃ ব্রি ধান-২৮, ব্রি ধান-২৯, ব্রি ধান-৩০ এবং ব্রি ধান-৩১ নামে জাত চারটি অনুমোদনের জন্য জাতীয় বীজ বোর্ডকে সুপারিশ করা হলো।

৩.২ বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট আলু, মিষ্টি আলু ও সরিষা এই তিনটি ফসলের ৮টি জাত অনুমোদনের প্রস্তাব করেন। সভায় সদস্যগণ প্রস্তাবিত জাতগুলির আবেদন ও সংশ্লিষ্ট উপাত্ত যাচাই করে দেখেন। অতপর নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয় ঃ

সিদ্ধান্ত ঃ

ক) মিষ্টি আলুর দু'টো জাত যথা- বারি মিষ্টি আলু-৪ এবং বারি মিষ্টি আলু-৫ অনুমোদনের জন্য জাতীয় বীজ বোর্ডে সুপারিশ করা হলো। তবে উক্ত জাত দুটোর সংরক্ষণকালীন ওজন ঘাটতির উপাত্ত সরবরাহ করতে হবে।

খ) সরিষা জাত ধলি (YS-172) কে বারি সরিষা-৬ নামে অনুমোদনের জন্য জাতীয় বীজ বোর্ডে সুপারিশ করা হলো।

গ) আলুর ৫টি জাত, যথা- গ্র্যানোলা, ক্লিওপেট্রা, বিনেলা, অবেলিক্স ও আজিবা এর কৃষিতাত্ত্বিক পরীক্ষা, হিমাগারে ওজন হ্রাস ও রোগবালাই প্রতিরোধ ক্ষমতা সম্পর্কে পূর্ণাংগ উপাত্ত বিএআরআই হতে প্রাপ্তির পর পরবর্তী বর্দ্ধিত সভায় তা পেশ করতে সদস্য-সচিবকে অনুরোধ করা

হলো। অতঃপর অপরাহ্ন ১-১৫ মিনিটে চেয়ারম্যান মহোদয় সাময়িকভাবে ঐদিনের জন্য সভা মুলতবি ঘোষণা করেন এবং পরবর্তী বর্দ্ধিত সভা ০২-৭-৯৪ খ্রি. তারিখ সকাল ১০.০০ টায় বাংলাদেশ কৃষি গবেষণা পরিষদ সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হবে বলে সবাইকে জানান।

০২-৭-৯৪ খ্রি. তারিখ সকাল ১০.০০ টায় বিএআরসি সম্মেলন কক্ষে ডঃ এম,এস,ইউ চৌধুরী, চেয়ারম্যান, কারিগরি কমিটি, জাতীয় বীজ বোর্ড, এর সভাপতিত্বে ২৫তম বর্ধিত সভা অনুষ্ঠিত হয়। সভায় আলোচিত বিষয়ের সংক্ষিপ্ত বিবরণ ও গৃহীত সিদ্ধান্তসমূহ নিম্নে দেয়া হলো।

৩.৩ বাংলাদেশ আণবিক কৃষি গবেষণা ইনস্টিটিউট কর্তৃক উদ্ভাবিত ছোলা, মাষকালাই ও মুগ ফসলের তিনটি প্রস্তাবিত জাত যথাক্রমে বিনা ছোলা-২, বিনা মাষ-১ ও বিনা মুগ-২ বর্তমানে অনুমোদিত জাতগুলোর চেয়ে ভাল বলে সদস্যগণ মত প্রকাশ করেন। অতঃপর সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয় ঃ

সিদ্ধান্ত ঃ বিনা ছোলা-২, বিনা মাষ-১ এবং বিনা মুগ-২ জাত তিনটি জাতীয় বীজ বোর্ডে অনুমোদনের জন্য সুপারিশ করা হলো।

আলোচ্য বিষয়- ৪.১ ঃ বীজ লটের সাইজ ও পরীক্ষাগারে বিজাত নির্ণয়ের পদ্ধতি।

জাতীয় বীজ বোর্ডের সিদ্ধান্ত অনুযায়ী ১৯৯২ সনে ডঃ নুর মোহাম্মদ মিয়া, মুখ্য বৈজ্ঞানিক অফিসার ও প্রধান, ব্রিডিং ডিভিশন, বিআরআরআই কে আহ্বায়ক করে এ বিষয়ে সুনির্দিষ্ট সুপারিশমালা তৈরী করে তা কারিগরি কমিটিতে দাখিলের জন্য একটি কমিটি গঠন করা হয়। এ কমিটির ১৯৯২ সনে একটি সভা অনুষ্ঠিত হয় এবং সুপরিশমালা তৈরীর জন্য আরো সময়ের প্রয়োজন বলে উল্লেখ করা হয়। ডঃ নুর মোহাম্মদ মিয়া জানান যে ১৯৯৩ সনে এ কমিটি আর কোন মিটিং করতে পারেনি এবং কাজের তেমন অগ্রগতি ও সাধিত হয়নি। তিনি শীঘ্রই অবসরজনিত ছুটিতে যাবেন বিধায় এ কমিটির দায়িত্ব থেকে অব্যাহতি চান। বিষয়টি সভায় আলোচনা করা হয় এবং নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত ঃ (ক) বীজ লটের সাইজ ও পরীক্ষাগারে বিজাত নির্ণয়ের পদ্ধতি নির্ণয়ের জন্য ডঃ নুর মোহাম্মদ মিয়া কে আহবায়ক করে গঠিত পূর্বের কমিটি বহাল রাখা হলো এবং বীজ প্রত্যয়ন এজেন্সী এ কমিটির কাজের দাপ্তরিক সুযোগ-সুবিধে প্রদান করবে।
(খ) যথাশীঘ্র সম্ভব এ কমিটি সুপারিশমালা তৈরী করে সদস্য সচিবের নিকট দাখিল করবে যাতে কারিগরি কমিটির পরবর্তী সভায় তা আলোচনা করা যায়।

আলোচ্য বিষয়- ৪.২ ঃ কারিগরি কমিটিতে কৃষক সংগঠনের প্রতিনিধি নিয়োগ।

জাতীয় বীজ বোর্ডের সিদ্ধান্ত অনুযায়ী কারিগরি কমিটিতে সদস্য হিসেবে কোন কৃষক সংগঠন হতে অদ্যাবধি কোন মনোনয়ন পাওয়া যায়নি। সকল ফসলের জন্য দক্ষ একজন কৃষক চিহ্নিত করাও অসম্ভব। জাতীয় বীজ বোর্ডের নির্বাচন অনুযায়ী তুলা উন্নয়ন বোর্ডের অতিরিক্ত পরিচালক পদবীর কোন কর্মকর্তা ঐ প্রতিষ্ঠানে নেই। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।

সিদ্ধান্ত ঃ (ক) কারিগরি কমিটিতে সদস্য মনোনয়নের জন্য কৃষি উন্নয়নে রাষ্ট্রপতি পুরস্কাপ্রাপ্ত চাষীদের মধ্যে হতে প্রধান প্রধান ফসলগুলির জন্য একজন করে চাষী বীজ প্রত্যয়ন এজেন্সী ও কৃষি সম্প্রসারণ অধিদপ্তর যৌথভাবে নির্বাচন করবে এবং কারিগরি কমিটির আলোচ্য বিবরণীতে অন্তর্ভুক্ত ফসলের ওপর ভিত্তি করে প্রয়োজনীয় সংখ্যক চাষীকে সভায় যোগদানের জন্য সদস্য-সচিব আমন্ত্রণ জানাবেন। বিষয়টি জাতীয় বীজ বোর্ডের অনুমোদনের জন্য সুপরিশ করা হলো।
(খ) অতিরিক্ত পরিচালক, তুলা উন্নয়ন বোর্ড, পরিবর্তে প্রকল্প পরিচালক, তুলা উন্নয়ন বোর্ডকে কারিগরি কমিটির সদস্য হিসেবে নিয়োগ করার সুপারিশ করা হলো।

আলোচ্য বিষয়- ৪.৩ ঃ বীজ ফসলের বীজমান পুনঃনির্ধারণ।

সভায় সদস্য-সচিব জানান যে বর্তমানে প্রচলিত ফসলের বীজমান, যেমন-বিশুদ্ধ বীজ (Species purity), অন্যান্য ফসলের বীজ ও জড় পদার্থের শতকরা হার (ওজনে) অত্যন্ত শিথিল। বীজ প্রত্যয়ন এজেন্সীর পরীক্ষাগারের উপাত্ত বিশ্লেষণে দেখা যাচ্ছে যে, ধান, গম ও পাট ফসলের বীজের গড় বিশুদ্ধতার হার যথেষ্ট উন্নত। ভিত্তি ও প্রত্যায়িত শ্রেণীর বিশুদ্ধতার শতকরা হার অধিকাংশ ক্ষেত্রে ৯৯% বা তার অধিক পাওয়া যাচ্ছে। উপস্থিত সকল সদস্য বিষয়টির গুরুত্ব অনুধাবন করেন এবং নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত ঃ বীজ প্রত্যয়ন এজেন্সীর পরিচালককে আহবায়ক করে একটি কমিটি করা হলো। কমিটিতে বিএডিসি, কৃষি সম্প্রসারণ অধিদফ্তর, সীডমেন্স সোসাইটি ও বীজ উইং-এর একজন করে প্রতিনিধি থাকবে। আগামী আট সপ্তাহের মধ্যে এ কমিটি একটি সুপারিশ তৈরী করে কারিগরি কমিটির সদস্য-সচিবের মাধ্যমে কারিগরি কমিটিতে উপস্থাপন করবে।

আলোচ্য বিষয়- ৫.১ (অতিরিক্ত) ঃ আলুর ৫টি জাত অনুমোদন।

পূর্ব সিদ্ধান্ত মোতাবেক আলুর ৫টি প্রস্তাবিত জাত যথা- গ্রানোলা, ক্লিওপেট্রা, বাইনেলা আজিবা ও অবেলিক্স বর্তমানে প্রচলিত উত্তম জাতসমূহের গুণাবলীর সংগে তুলনা ও আলোচনা করে দেখা হয় এবং নিম্নের সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত ঃ বর্তমান দেশে অনুমোদিত আলু বীজের জাতের স্বল্পতার কারণে বিশেষ বিবেচনায় গ্র্যানোলা, ক্লিওপেট্রা ও বাইনেলা জাত তিনটি যথাক্রমে বারি আলু-১৩ (গ্র্যানোলা), বারি আলু-১৪ (ক্লিওপেট্রা) ও বারি আলু-১৫ (বাইনেলা) নামে অনুমোদনের সুপরিশ বীজ বোর্ডের নিকট করা হলো ।

আলোচ্য বিষয় ৫.২ (অতিরিক্ত) ঃ সরিষার জাত অনুমোদন।

বিএআরআই কর্তৃক উদ্ভাবিত ন্যাপাস প্রজাতির বারি সরিষা ৭ ও বারি সরিষা ৮ এর গুনাবলী নিয়ে বিস্তারিত আলোচনা অনুষ্ঠিত হয়। সকল দিক থেকে জাত দুটো অনুমোদিত সকল জাতের তুলনায় ভাল বলে প্রতীয়মান হয় ঃ

সিদ্ধান্ত ঃ বারি সরিষা -৭ ও বার সরিষা -৮ জাত দুটো অনুমোদনের জন্য জাতীয় বীজ বোর্ডের নিকট সুপারিশ করা হলো।

আলোচ্য বিষয়- ৫.৩ (অতিরিক্ত) ঃ বার্লির জাত অনুমোদন।

প্রস্তাবিত বারি বার্লি-১ এবং বারি বার্লি-২ জাত দুটোর গুণাবলী নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়। বার্লির অনুমোদিত কোন জাত নেই এবং জাত দুটোর ফলন স্থানীয় জাতের চেয়ে ভাল। সকল সদস্য জাত দুটোর ছাড়করণের পক্ষে মত প্রকাশ করেন।

সিদ্ধান্ত ঃ বারি বার্লি-১ ও বারি বার্লি-২ নামে জাত দুটো অনুমোদনের জন্য জাতীয় বীজ বোর্ডের নিকট সুপারিশ করা হলো।

আলোচ্য বিষয় (অতিরিক্ত)- ৫.৪ ঃ ধানের জাত অনুমোদন।

বিআরআরআই কর্তৃক উদ্ভাবিত প্রস্তাবিত ব্রি ধান-২৭ ও ব্রি ধান-৩২ সম্পর্কে আলোচনা অনুষ্ঠিত হয়। আউশ মৌসুমে ব্রি ধান-২৭ বরিশাল অঞ্চলে এবং আমন মৌসুমে ব্রি ধান-৩২ কুমিল্লা অঞ্চলে আবাদের উপযুক্ত। জাতের স্বল্পতা ও ব্রি ধান-২৭ ছিটিয়ে বপন ও ব্রি ধান-৩২ জোয়ার-ভাঁটা এলাকায় আবাদের বিশেষ গুণের কথা বিবেচনা করে সকল সদস্য জাত দুটো ছাড়করণের পক্ষে মত প্রকাশ করেন।

সিদ্ধান্ত ঃ ব্রি ধান-২৭ ও ব্রি ধান-৩২ নামে জাত দুটো যথাক্রমে কুমিল্লা ও বরিশাল অঞ্চলে আবাদের জন্য অনুমোদেনের সুপারিশ বীজ বোর্ডের নিকট করা হলো।

আলোচ্য বিষয় (আলোচ্য বিবরণী বর্হিভূত)- ৫.৫ ঃ সয়াবিনের জাত অনুমোদন

ডঃ লুৎফর রহমান বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, বিএআরআই এবং এমসিসি-এর যৌথ উদ্যোগে একটি ছোট দানার সয়াবিন জাত উদ্ভাবন করেছেন। জাতটির জন্য নির্দিষ্ট কোন আবেদন পত্র নেই। ডঃ লুৎফর রহমান এই জাতটির সুবিধাদি বিষয়ে উপাত্ত সকল সদস্যকে অবহিত করেন এবং সকল সদস্য আনুষ্ঠানিক আবেদন পত্র প্রাপ্তি সাপেক্ষে জাতীয় বীজ বোর্ডের পরবর্তী সভায় তা পেশ করার পক্ষে মত দেন।

সিদ্ধান্ত ঃ সকল প্রয়োজনীয় তথ্য সম্বলিত আনুষ্ঠানিক আবেদন ৭-৭-৯৪ খ্রি. এর মধ্যে কারিগরি কমিটির সদস্য-সচিবের নিকট জমাদানের শর্তে বিশেষ বিবেচনায় এ জাতটি ছাড়ের জন্য সুপারিশ জাতীয় বীজ বোর্ডের নিকট করা হলো।

অতপর সভায় আর কোন আলোচনা না থাকায় চেয়ারম্যান মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(আ কা মু গিয়াস উদ্দীন মিল্‌কী)
সদস্য-সচিব
কারিগরি কমিটি, জাতীয় বীজ বোর্ড
ও পরিচালক
বীজ প্রত্যয়ন এজেন্সী

(ডঃ এম এস ইউ চৌধুরী)
চেয়ারম্যান
কারিগরি কমিটি, জাতীয় বীজ বোর্ড
ও নির্বাহী সহ-সভাপতি
বাংলাদেশ কৃষি গবেষণা পরিষদ

(পরিশিষ্ট-ক)

১২-৬-১৯৯৪ তারিখে অনুষ্ঠিত কারিগরি কমিটি, জাতীয় বীজ বোর্ড এর ২৫তম সভায় উপস্থিত সদস্যদের নাম, পদবী ও প্রতিষ্ঠানের নাম।

ক্রঃনং	নাম	পদবী ও প্রতিষ্ঠানের নাম
১।	জনাব আ কা মু গিয়াস উদ্দিন মিল্‌কী	পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সী, গাজীপুর।
২।	ডঃ নূর মোহাম্মদ মিয়া	পরিচালক, ব্রি, গাজীপুর
৩।	জনাব আনোয়ারুল কাদের শেখ	পরিচালক, বিনা, ময়মনসিংহ
৪।	ডঃ হামিজ উদ্দিন আহমেদ	প্রকল্প পরিচালক, বি.এ.আর.আই
৫।	জনাব মোঃ জহিরুল ইসলাম	এস.আর.টি.আই
৬।	জনাব আঃ খালেক মিয়া	প্রফেসর, ইপসা
৭।	ডঃ লুৎফর রহমান	প্রফেসর, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়
৮।	জনাব আনোয়ারুল হক	সহ-সভাপতি, এস.এস.বি
৯।	জনাব জি এম মঈনুদ্দীন	মহা-ব্যবস্থাপক (বীজ), বি.এ.ডি.সি
১০।	জনাব এম এনামুল হক	অতিরিক্ত পরিচালক, ডি.এ.ই
১১।	জনাব এ এম তোফসির উদ্দিন সিদ্দিকী মহা-পরিচালক	মহা-পরিচালক, কৃষি মন্ত্রণালয় বীজ উইং (পর্যবেক্ষক)

(পরিশিষ্ট-খ)

০২-০৭-৯৪ তারিখে অনুষ্ঠিত কারিগরি কমিটি, জাতীয় বীজ বোর্ড এর ২৫তম বর্ধিত সভায় উপস্থিত সদস্যদের নাম, পদবী ও প্রতিষ্ঠানের নাম ।

ক্রঃ নং	নাম ও পদবী	প্রতিষ্ঠানের নাম
১।	জনাব আ কা মু গিয়াস উদ্দীন মিলকী,	পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সী
২।	জনাব শফিকুল আলম, পরিচালক (কৃষি)	বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট
৩।	ডঃ নুর মোহাম্মদ মিয়া ভারপ্রাপ্ত পরিচালক (গবেষণা)	বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট
৪।	জনাব আনোয়ারুল হক, সহ-সভাপতি	সীডমেনস্ সোসাইটি অব বাংলদেশ
৫।	জনাব এম.এ. সালাম, যুগ্ম পরিচালক বিএডিসি, পক্ষে-মহা ব্যবস্থাপক (বীজ)	বাংলদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন
৬।	ডঃ শেখ মোঃ এরফান আলী, পরিচালক	ইক্ষু গবেষণা ও প্রশিক্ষণ, ইনস্টিটিউট, ঈশ্বরদী, পাবনা
৭।	জনাব এ এফ এম শামছুল ইসলাম উপ-পরিচালক (মার্কেটিং) ও প্রকল্প পরিচালক (ভারপ্রাপ্ত)	তুলা উন্নয়ন বোর্ড, ঢাকা
৮।	জনাব এম এনামুল হক, অতিরিক্ত পরিচালক	ডিএই
৯।	ডঃ হামিজ উদ্দিন আহমেদ, প্রকল্প পরিচালক	বি.এ.আর.আই (তৈল বীজ)
১০।	ডঃ লুৎফর রহমান,	প্রফেসর, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়
১১।	জনাব মোঃ নজমুল হুদা	প্রধান বীজতত্ত্ববীদ, বীজ উইং, কৃষি মন্ত্রণালয়

Form for Field Evaluation of a Variety

(To be used by the field evaluation team for the variety proposed for release. Team will install procedure for field visit in as many numbers as necessary but three visits must be made by the full team)

Part- I General Information : (To be filled up by the Breeder)

1. Name and address of the breeder/applicant :
2. Specific objective of the new variety development:
3. Reference (if any) indicating the requirement for development of such variety:
4. Name of the proposed variety/line:
5. Agronomical requirement of the variety:
   a) Method of cultivation :
   b) Seed rate per hectare :
   c) Spacing :
   d) Fertilizer requirement per hectare :
6. Ecological requirement of the variety:
   a) Season
   b) Soil
   c) Water
7. Name of check variety/varieties:
8. Duration (in days) of the crop (seed to seed):
9. Yield (T/ha.)
10. Distinguishing character/characters:
11. Resistance to diaseases and insects:
12. Thousand seed weight:
13. Physical character of the produce (Shape, size, colour, texture etc.):
14. Locations of plots :

Part II Visit during the period from planting/sowing to pre-flowering stage:

1. Date of visit:
2. Age (in days) of the plant (Calculated from the date of sowing):
3. Extent of variability in the population : (height, colour, leaf size etc. Mention the character and make remarks about acceptability.):
4. Distinguishing character to identify the variety (if noticed.) :
5. Cultural practices followed:
   1) Planting
   2) Fertilizer use
   3) Water management
6. Prevalence of disease : (Name and make remark about severity)
7. Prevalence of insect and pests:
   (Name and remark about the severiety of attack)
8. Any other distinct feature of the proposed variety (if noticed.):

Part III. Visit any time during flowering to harvest.

1. Date of visit:
2. Age (in days) of the plant:
   (Calculated from the date of sowing)
3. Extent of variability:
4. Distinct character to identfy the variety:
5. Prevalence of disease:
6. Problem of disease and pest:
7. Any other distinct character:

Part –IV visit during crop cutting : (Enclose crop cutting report)

1. Duration of the crop (Seed to Seed):
2. Yield (t/ha.)
3. Thousand seed weight:
4. Physical character (Shape, size, texture, colour etc) of the produce:

Part –V Comment about acceptability of the variety (with specific fact/reason and justification.)

Signature of the team leader:
Name:
Designation:

জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটির বিশেষ সভা এবং বিশেষ বর্ধিত সভার কার্যবিবরণী

গত ২২-৮-৯৪ ইং ও ৩-৯-৯৪ইং তারিখ সকাল ১০.০০ ঘটিকায় ডঃ এম এস ইউ চৌধুরী, চেয়ারম্যান, কারিগরি কমিটি, জাতীয় বীজ বোর্ড এবং নির্বাহী সহ-সভাপতি, বাংলাদেশ কৃষি গবেষণা পরিষদ এর সভাপতিত্বে বিএআরসি সম্মেলন কক্ষে যথাক্রমে কারিগরি কমিটির বিশেষ সভা এবং বর্ধিত সভা অনুষ্ঠিত হয়।
করিগরী কমিটির উপস্থিত সদস্যগণের তালিকা যথাক্রমে পরিশিষ্ট 'ক' ও 'খ' এ দেয়া হলো। সভায় আলোচিত বিষয়ের সংক্ষিপ্ত বিবরণ ও গৃহীত সিদ্ধান্তসমূহ নিম্নে উল্লেখ করা হলো।

আলোচ্য বিষয় ঃ বিদেশী আলুর জাত ছাড়করণের উপর পেশকৃত সুপারিশমালার আলোকে সিদ্ধান্ত গ্রহণ।
